

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
সাভার, ঢাকা -১৩৪৩
www.bpatc.org.bd

২য় পলিসি ডায়ালগ উপলক্ষে আপ্যায়ন, আবাসন ও লজিস্টিকস কমিটির প্রস্তুতি সভার কার্যবিবরণী

সভাপতি: সৈয়দ মিজানুর রহমান এনডিসি, এমডিএস (এমএন্ডডি)

তারিখ ও সময়: ২৮/১০/২০১৮ সকাল ০৯:৩০ মি

স্থান: এমডিএস (এমএন্ডডি) এর অফিস কক্ষ, অনুঘদ ভবন ০১

সভায় অংশগ্রহণকারী কর্মকর্তাগণের নামের তালিকা (পরিশিষ্ট ক)।

সভাপতি উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার সূচনা করা হয়। আগামী ৮ ও ৯ নভেম্বর ২০১৮ তারিখে বাংলাদেশ সরকারের সিনিয়র সচিব ও সচিবগণের অংশগ্রহণে অনুষ্ঠিতব্য ২য় পলিসি ডায়ালগ উপলক্ষে আপ্যায়ন, আবাসন ও লজিস্টিকস কমিটির করণীয় সম্পর্কে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রম	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	পলিসি ডায়ালগে অংশগ্রহণকারী এবং তাঁদের স্পাউজদের আবাসন	<ul style="list-style-type: none">সাভারস্থ বিসিডিএম এ আমন্ত্রিত সিনিয়র সচিব ও সচিব এবং তাঁদের স্পাউজবৃন্দের থাকার ব্যবস্থা গ্রহণ করতে হবে।কেবলমাত্র ৮/১০/২০১৮ তারিখের জন্য ২০টি কক্ষ (ডিলাক্স কুইন ও ডিলাক্স টুইন টাইপ) বুকিং দিতে হবেকেবিনেট সচিব, মুখ্য সমন্বয়ক-এসডিজি, মুখ্য সচিবসহ অন্যান্য ভিআইপিদের জন্য কেন্দ্রের আইটিসি ভবনের ভিআইপি কক্ষগুলো প্রস্তুত রাখতে হবে।	উপপরিচালক (সেবা)
০২	অংশগ্রহণকারীবৃন্দের গানম্যান ও ড্রাইভারদের আবাসন	<ul style="list-style-type: none">পূর্বের ন্যায় ৫নং ডরমিটরিতে গানম্যান ও ড্রাইভারদের থাকার ব্যবস্থা করতে হবে।সিটপ্ল্যান পূর্বেই অবহিত করতে হবে।	সহকারী পরিচালক (ডরমিটরি)
০৩	পলিসি ডায়ালগ চলাকালীন আপ্যায়ন	<ul style="list-style-type: none">রেস্টুর মহোদয়ের নির্দেশনা মোতাবেক এবার পলিসি ডায়ালগের সকল প্রকার আপ্যায়নের ব্যবস্থা কেন্দ্রের ক্যাফেটেরিয়ায় করতে হবে।আইটিসির এক্সিকিউটিভ ডাইনিং হলে অংশগ্রহণকারী ও তাদের স্পাউজদের একত্রে খাবার পরিবেশন করা হবে।৮ নভেম্বর তারিখ রাতে গ্রান্ড ডিনার পরিবেশিত হবে। পরদিন বিকালে সমাপনী অনুষ্ঠানের পর অংশগ্রহণকারীগণ কেন্দ্র ত্যাগ করবেন।খাবার প্রস্তুত ও পরিবেশনে পরিচ্ছন্নতা ও সর্বোচ্চ সতকর্তা অবলম্বন করতে হবে। খাবারের মান ও হাইজিন বজায় রাখার চেষ্টা করতে হবে।০৯ নভেম্বর তারিখে বিসিডিএম-এ অবস্থানকারী অতিথিবৃন্দের জন্য নাস্তার ব্যবস্থা থাকতে হবে।	উপ-পরিচালক (সেবা) ও সহকারী পরিচালক (ডরমিটরি)

৩

০৪	স্পাউজদের অনুষ্ঠান	<ul style="list-style-type: none"> ১ম পলিসি ডায়ালগের মতো এবারও স্পাউজদের জন্য ভিন্ন আয়োজন থাকবে। বিপিএটিসির লেকে নৌকা ভ্রমণসহ আপ্যায়নের ব্যবস্থা থাকবে। 	উপপরিচালক (প্রশাসন)
০৫	বিদ্যুৎ, পানি সরবরাহ, গাড়ি ব্যবস্থাপনা ও অন্যান্য লজিস্টিক সুবিধাদি	<ul style="list-style-type: none"> আমন্ত্রিত অতিথিদের বিসিডিএম থেকে কেন্দ্রে আনা-নেয়ার জন্য গাড়ি প্রস্তুত রাখতে হবে। স্পাউজদের জন্যও গাড়ির ব্যবস্থা রাখতে হবে। কেন্দ্রের এম্বুলেন্সসহ সার্বক্ষণিক মেডিক্যাল টিম প্রস্তুত রাখতে হবে। পলিসি ডায়ালগ চলাকালে সার্বক্ষণিক বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণে পল্লী বিদ্যুৎ সমিতির সাথে যোগাযোগ করতে হবে। কেন্দ্রের সর্বত্র পানি সরবরাহ ব্যবস্থা নিশ্চিত করতে হবে। আমন্ত্রিত অতিথিবর্গের নিরাপত্তার জন্য স্থানীয় প্রশাসন, পুলিশ ও ফায়ার সার্ভিসকে পত্র দিতে হবে ও নিশ্চিত করতে হবে। কেন্দ্রের সর্বত্র বিশেষত আইটিসি ভবনের সর্বত্র পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত করতে হবে। পলিসি ডায়ালগ চলাকালে টয়লেটসমূহ পরিষ্কারের জন্য সার্বক্ষণিক পরিচ্ছন্নতাকর্মী নিয়োজিত করতে হবে। 	সহকারী পরিচালক (লজিস্টিকস)
০৬	কনফারেন্স কক্ষের আসন ব্যবস্থা	<ul style="list-style-type: none"> আইটিসিতে নবসংস্কারকৃত কক্ষে পলিসি ডায়ালগের উপযোগী আসন ব্যবস্থা নিশ্চিত করতে হবে। উদ্বোধন অনুষ্ঠানে মিনি অডিটোরিয়ামে সোফাসহ পর্যাপ্ত ও সুবিন্যস্ত আসন ব্যবস্থা থাকবে। 	

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সবাইকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-

২৮/১০/২০১৮

সৈয়দ মিজানুর রহমান এনডিসি

এমডিএস (এমএন্ডডি) ও

আহবায়ক

আপ্যায়ন, আবাসন ও লজিস্টিকস কমিটি

নং: ০৫.০১.২৬৭২.০৮৬.১৮.০০১.১৩-৬০১

তারিখ: ২৮/১০/২০১৮

বিতরণ (অবগতি/কার্যার্থে) [জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়]

০১। সকল এমডিএস, বিপিএটিসি, সাভার, ঢাকা।

০২। পরিচালক (প্রশাসন/পিপিআর), বিপিএটিসি, সাভার, ঢাকা।

০৩। রেক্টর মহোদয়ের একান্ত সচিব, বিপিএটিসি (রেক্টর মহোদয়ের অবগতির জন্য)।


৫

০৩। সদস্য (সকল), আপ্যায়ন, আবাসন ও লজিস্টিকস কমিটি।

০৪। জনাব মো: মাসুম রহমান, সহকারী প্রোগ্রামার, বিপিএটিসি (কেন্দ্রের ওয়েবসাইটে কার্যবিবরণীটি আপলোড করার জন্য)

০৫। কেয়ারটেকার ১ ও ২/ইলেকট্রিশিয়ান, বিপিএটিসি, সাভার, ঢাকা।

০৬। অফিস কপি।


হাসান মূর্তাজা মাসুম
উপপরিচালক (সেবা) ও
সদস্য সচিব
আপ্যায়ন, আবাসন ও লজিস্টিকস কমিটি